ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩১৩
আগরতলা, ১৮ অক্টোবর, ২০২৫

**দীপাবলি উপলক্ষ্যে রাজ্যপালের শুভেচ্ছা**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু দীপাবলি উপলক্ষ্যে সমস্ত ত্রিপুরাবাসীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছাবার্তায় রাজ্যপাল বলেন, আলোর উৎসব দীপাবলির তাৎপর্য হচ্ছে অন্ধকার সরিয়ে আলোর বিজয়, অশুভ শক্তি এবং অজ্ঞানতার বিরুদ্ধে শুভ শক্তি ও জ্ঞানের বিজয়। এই উৎসব যেন আমাদের হৃদয়কে জ্ঞান, করুণা ও আশার আলোয় ভরিয়ে দেয়। তিনি এই উৎসবকে পরিবেশবান্ধব উপায়ে নিরাপদভাবে উদযাপন করার জন্য আহ্বান জানিয়েছেন। তিনি কামনা করেন, এই উৎসব যেন সকলের জীবনে আনন্দ, সমৃদ্ধি ও সুস্বাস্থ্য নিয়ে আসে এবং রাজ্যের সকল নাগরিকদের মধ্যে যেন একতা, শান্তি ও সৌভ্রাতৃত্বের পরিবেশ সৃষ্টি করে।

******